সংশোধনকারী অধীনস্থ দাসের জন্য রয়েছে দু’টি নেকী।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “সংশোধনকারী অধীনস্থ দাসের জন্য রয়েছে দু’টি নেকী।”
(আবূ হুরায়রা বলেন,) ‘সেই মহান সত্তার শপথ, যাঁর হাতে আবূ হুরায়রার জীবন! যদি আল্লাহর
পথে জিহাদ, হজ ও আমার মায়ের সেবা না থাকত, তাহলে আমি পরাধীন গোলামরূপে মারা যাওয়া
পছন্দ করতাম।’
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, স্বীয় রব আল্লাহর হক আদায়কারী ও নিজ মনিবের হিতাকাঙ্খী অধীন দাসের জন্য রয়েছে দু’টি নেকী। আল্লাহর হক ইবাদত করার কারণে এবং তার মনিবের হক খিদমত করার কারণে। তারপর আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু জানান, যদি এমন না হতো যে, দাসের ওপর আল্লাহর পথে জিহাদ করা নেই এবং ভরণ-পোষণ ও সেবা দ্বারা মায়ের খিতমতও নেই, তাহলে তিনি পরাধীন দাসরূপে মারা যাওয়া পছন্দ করতেন। কারণ, তাতে রয়েছে অনেক সাওয়াব।

https://sunnah.global/hadeeth/bn/show/6388